আমরা জনগণের পক্ষে
বাংলাদেশ প্রতিদিন

# উত্তরা ইউনিভার্সিটিতে ভর্তি মেলা

৬ ফেব্রুয়ারি, ২০২৪ ১৯:২৬

প্রেস বিজ্ঞপ্তি




উত্তরা ইউনিভার্সিটিতে মঙ্গলবার থেকে শুরু হয়েছে ভর্তি মেলা স্প্রিং-২০২৪, যা চলবে আগামী ২৪ ফেব্রুয়ারি পর্যন্ত। মিরপুর বেরিবাধ রোডে বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসে মাল্টিপারপাস হলে মেলা উপলক্ষে সকল স্নাতক প্রোগ্রামে ৩০-১০০% ছাড়ে, ডিপ্লোমা হোল্ডারদের জন্য সকল বিএসসি প্রোগ্রামে ফ্লাট ৫০% ছাড়ে এবং সকল স্নাতকোত্তর প্রোগ্রামে ৩০-৫০% টিউশন ফি ছাড়ে শিক্ষার্থী ভর্তি চলছে। সকল প্রোগ্রামে ইউনিভার্সিটির সাবেক শিক্ষার্থীদের পরিবার, তৃতীয় লিঙ্গ, শারীরিক প্রতিবন্ধী ও ক্ষুদ্র নৃতাত্ত্বিক গোষ্ঠীর শিক্ষার্থীদের জন্যেও বিশেষ ছাড়ে ভর্তি চলছে।

প্রতিষ্ঠানটির ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. ইয়াসমীন আরা লেখা বলেন, উত্তরা ইউনিভার্সিটিতে উচ্চশিক্ষা গ্রহণের জন্য ৪০টি প্রোগ্রাম চালু রয়েছে এবং আমাদের মোটো হচ্ছে ‘এক্সিলেন্স ইন হায়ার এডুকেশন এন্ড

রিসার্চ'। আমরা চলমান ভর্তি মেলা স্প্রিং-২০২৪ উপলক্ষে ভর্তি ফিতে ৫০ শতাংশ ছাড় দিচ্ছি এবং ও লেভেল/এ লেভেল শিক্ষার্থীদের জন্য ৯০ শতাংশ ছাড়ে ভর্তির ব্যবস্থা করছি।

ভর্তি মেলা স্প্রিং-২০২৪ এর উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন উত্তরা ইউনিভার্সিটি উপ-উপাচার্য প্রফেসর ড.গৌর গোবিন্দ গোস্বামীসহ বিভিন্ন অনুষদের ডিন ও বিভিন্ন বিভাগের চেয়ারম্যানরা।

বিডি প্রতিদিন/এমআই